

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩০. কোন বিবাহিত মহিলার ঘরে রাত্রি যাপন করা অথবা তার ঘরে একাকী প্রবেশ করা

জাবির (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

"জেনে রাখো, কোন ব্যক্তি যেন অন্য কোন বিবাহিত মহিলার ঘরে রাত্রি যাপন না করে। তবে সে ব্যক্তি উক্ত মহিলার স্বামী বা মুহরিম (যার সাথে বিবাহ্ বসা হারাম) হলে তাতে কোন অসুবিধে নেই"।[1]

আব্দুর রহমান বিন্ 'আমর বিন্ 'আস্ব (রাযিয়াল্লাভ্ আনভ্মা) থেকে বর্ণিত তিনি বলেনঃ একদা বানী হাশিম গোত্রের কিছু লোক আসমা বিনতে উমাইস্ (রাযিয়াল্লাভ্ আনহা) এর ঘরে ঢুকলো। ইতিমধ্যে আবু বকর (রা.) ও তাঁর ঘরে ঢুকলেন। আর আসমা (রাযিয়াল্লাভ্ আনহা) ছিলেন তখন আবু বকর (রা.) এর স্ত্রী। আবু বকর (রা.) তাদেরকে ঘরে দেখে অসম্ভুষ্ট হলেন। অতঃপর তিনি রাসূল (সা.) কে ব্যাপারটি জানিয়ে বললেন: আমি তো খারাপ কিছুই দেখিনি। যা দেখেছি ভালোই দেখেছি। তখন রাসূল (সা.) বললেন: আল্লাহ্ তা'আলা আসমাকে পবিত্রই রেখেছেন। এরপর রাসূল (সা.) মিম্বারে দাঁড়িয়ে বললেন:

''আজকের পরে কোন ব্যক্তি যেন স্বামী অনুপস্থিত কোন মহিলার ঘরে প্রবেশ না করে। তবে তার সাথে আরো এক জন পুরুষ অথবা দু' জন পুরুষ থাকলে কোন অসুবিধে নেই''।[2]

ফুটনোট

- [1] (মুসলিম, হাদীস ২১৭১)
- [2] (মুসলিম, হাদীস ২১৭৩)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11280

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন